# পশ্চিমবঙ্গ বঞ্চিত চাকরিপ্রার্থী, চাকরিজীবী ও চাকরিহারা ঐক্য মঞ্চ

7679086940 / 90078 23419 / 98362 13801
bongerbonchito@gmail.com
144/4/7/9, Srijani, P.O.- Joka, Kolkata - 700104
Estd: 2025

To

Respected Shri Rajeev Kumar, IPS
Director General of Police, West Bengal

Respected Shri Jawed Shamim, IPS
ADG & IGP (Law & Order), West Bengal

Respected Shri Manoj Kumar Verma, IPS
Commissioner of Police, Kolkata, West Bengal

Respected Shri Praveen Kumar Tripathi, IPS
Office of the Commissioner of Police, Howrah, West Bengal

Respected Shri Meeraj Khalid, IPS
Joint Commissioner of Police (Headquarters), Kolkata, West Bengal

**বিষয়: অপেক্ষা আর উপেক্ষার অবসান ঘটিয়ে আপনাদেরই অঙ্গীকার মোতাবেক মুখ্যমন্ত্রীর সাথে প্রতিনিধিদলের সাক্ষাৎ ও সদর্থক আলোচনার মাধ্যমে সমস্যার সমাধানের জন্য আবেদন পত্র**

মাননীয় মহাশয়,

সীমাহীন দুর্নীতির কারণে বঞ্চিত অসহায় মেধাসম্পন্ন কর্মপ্রার্থী, কর্মজীবী ও কর্মহারাদের যন্ত্রনা ঠিকমতো হয়তো উপলব্ধি করতে পারছেন না। তাই দীর্ঘদিন অপেক্ষা আর উপেক্ষা। ন্যায্য অধিকার থেকে বঞ্চিত প্রতিনিধি হিসাবে আপনাদের কাছে বিনীতভাবে বিগত ১৬ই এপ্রিল'২০২৫ ও ১৮ই এপ্রিল'২০২৫ নিয়োগ সংক্রান্ত যন্ত্রণা ও বঞ্চনার যাবতীয় তথ্য তুলে ধরে এসেছি। আমরা আপনাদের প্রতি এবং চেয়ারের প্রতি সেই সন্মান ও শ্রদ্ধা রেখেই কর্মসূচি স্থগিত রেখেছি। পুনরায় ১৬ই মে'২০২৫ কর্মসূচির পূর্বে আপনাদের ডাকে সাড়া দিয়ে উপস্থিত থেকে আমরা পিছিয়ে এসেছি।

প্রবাদে আছে "ন্যাড়া বেলতলা দিয়ে একবার যায়" সেইজায়গায় বঞ্চিত প্রতিনিধি হিসাবে দু-দুবার।পূর্বের দেওয়া তথ্য হলো না, আবারও আমাদের সমস্যার বিস্তারিত তথ্য নিলেন,ভরসা আর বিশ্বাসে সেই তথ্য দিলাম। একরাশ

বুকভরা আশা নিয়ে আমরা বাড়ি ফিরলাম। আপনাদের অঙ্গীকার মোতাবেক এইবুঝি সরকারি শীর্ষ অধিকারিক (মুখ্যসচিব) ও মুখ্যমন্ত্রীর সাথে বঞ্চিত প্রতিনিধিদের সাক্ষাৎ, আলোচনা ও সমস্যার সমাধান। না! হলো না।

চেয়ারের প্রতি যে সন্মান ও শ্রদ্ধা সেটা শাসকদলের মুখপাত্র থেকে এখন আর আমরা আলাদা করতে পারছি না। একই উক্তি দেখছি - বুঝছি। ওপর মহলে জানিয়েছি। বুঝতে পারছি না ওপরমহল কে? স্বয়ং ভগবান হলেও হয়তো এই করুণ আর্তিতে সাড়া দিতেন।

যাক, আশাকরি আগামী শান্তিপূর্ণ আন্দোলন কর্মসূচিতে আর তলব করে দেখছি-বুঝছি করবেন না। পারলে ঘোষিত কর্মসূচিতেই গুলি করার নিদান দেবেন। বিশ্বাস করুন, দেওয়ালে পিঠ ঠেকে গিয়েছে। আর স্থির থাকতে পারছি না। দুর্নীতি পরায়ণ সরকারের বিরুদ্ধে লড়তে গিয়ে যদি দরকারে প্রাণ বিসর্জন দিতে হয় তাতেও আমরা প্রস্তুত। তবে আপনাদের অঙ্গীকারে আমরা যে প্রতারিত হয়েছি সে কথা অস্বীকার করার উপায় নেই।

পুলিশ প্রশাসনের শীর্ষ কর্তা ব্যাক্তি যদি এহেন উদাসীন হন তবে আমাদের যন্ত্রনা আর কোথায় কিভাবে জানাবো সত্যিই আমাদের জানা নেই। পরিশেষে একটাই অনুরোধ চাকরিপ্রার্থী, চাকরিজীবী ও চাকরিহারার জ্বলন্ত সমস্যার সমাধানে দ্রুত মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ ও সাক্ষাৎ প্রার্থনা। আশাকরি, এবার অন্তত সদর্থক ভূমিকা নেবেন।

ধন্যবাদান্তে

বিনীত,

আহ্বায়ক
আশিস খামরাই – 7679086940
শুভদীপ ভৌমিক – 9007823419
দেবাশিস বিশ্বাস – 9836213801
অচিন্ত ধারা – 9002933006
নবীন বেরা – 8016401092
সুমঙ্গল বসু – 99324 62868

**পশ্চিমবঙ্গ বঞ্চিত চাকরিপ্রার্থী, চাকরিজীবী ও চাকুরিহারা ঐক্য মঞ্চ**

স্থান: কলকাতা
তারিখ: ০২-০৬-২০২৫